যায়যায়দিন

# ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশের কার্যক্রম

বিতর্ক নামক আধুনিক শিল্পকে ছড়িয়ে দিতে প্রান্তজনের কাছে ছুটে যাওয়ার প্রথম প্রয়াস প্রথম জাতীয় পার্বত্য বিতর্ক উৎসব '০৫। সুবিধাবঞ্চিত আদিবাসী শিক্ষার্থীদের মাঝে মুক্তচিন্তা-চেতনার আলো ছড়াতে আমাদের সঙ্গে ছিল গ্লোবাল ভিলেজ রাঙামাটি। উপজাতীয় সাংস্কৃতিক ইন্সটিটিউটে দু'দিনব্যাপী মিলন মেলায় দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা প্রায় ১৫০০ তার্কিক অংশ নেয়। ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশের তার্কিক বন্ধুরা ছুটে গিয়েছিল বান্দরবান ও খাগড়াছড়িতে দিনব্যাপী বিতর্ক কর্মশালায় অংশ নিতে।

## প্রথম চাঁদপুর বিতর্ক কর্মশালা ও উৎসব '০৬

চাঁদপুর শিল্পকলা একাডেমিতে মুক্তচিন্তা ও বিতর্কের বিজয় কেতন উড়ে ছিল প্রথম চাঁদপুর বিতর্ক কর্মশালা ও উৎসব '০৬-এ। শানিত যুক্তির যোদ্ধাদের এ বৃহৎ মিলন মেলায় সারা বাংলাদেশের তার্কিকসহ স্থানীয় আট শতাধিক বিতর্ক অনুরাগীর দৃপ্ত পদচারণায় মুখরিত হয়ে ওঠে সমগ্র চাঁদপুর। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পৃষ্ঠপোষকতায় এবং চাঁদপুর ডিবেট ফেডারেশনের সহযোগিতায় এই আয়োজনটি ছিল সমগ্র বাংলাদেশের যুক্তিপ্রিয় মানুষগুলোর আরেকটি স্বপ্নের সফল বাস্তবায়ন।

চাঁদপুর উৎসবের পর আমরা আমাদের স্বপ্নের পেখম মেলেছিলাম গারো পাহাড়ের শহর ময়মনসিংহে। ময়মনসিংহ কৃষি ইউনিভার্সিটির সহযোগিতায় ন্যাশনাল ডিবেট ফেডারেশনের এ আয়োজনে বিতর্ক অঙ্গনের মুখরিত মুখগুলো দাড়িয়েছিল একই প্ল্যাটফর্মে এক মহা তর্কযজ্ঞে।

## এআইইউবি প্রথম কুমিল্লা আঞ্চলিক বিতর্ক কর্মশালা ২০০৭

বিতর্ক নামক এ আধুনিক বাকশিল্পের মাধ্যমে ঐতিহ্যের মানচিত্রে আলোকিত যুক্তিবাদী সমাজ বিনির্মাণে দিনব্যাপী এ আয়োজনে কণ্ঠ তুলেছিল বাংলাদেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা সাত শতাধিক বিতর্ক অনুরাগী। আর তাই কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ ডিবেটিং পরিষদে ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশের এ আয়োজনে ছিল যুক্তির আলোয় উদ্ভাসিত মুখগুলোর উচ্ছ্বসিত প্রতিধ্বনি।

## এনডিএফ বিডি আন্তঃবিশ্ববিদ্যালয় ও মেডিকাল কলেজ বিতর্ক প্রতিযোগিতা ২০০৬

সাংস্কৃতিক রাজধানী খ্যাত জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটিতে ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশের সহযোগিতায় ও জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি ডিবেট অর্গানাইজেশনের আয়োজনে এনডিএফ বিডি প্রথম আন্তঃবিশ্ববিদ্যালয় ও মেডিকাল কলেজ বিতর্ক চ্যাম্পিয়নশিপ ২০০৬ অনুষ্ঠিত হয়। এটা ছিল সমগ্র বাংলাদেশের ৩০টিরও বেশি ইউনিভার্সিটি ও মেডিকাল কলেজের তার্কিকদের নিয়ে যুক্তির মিছিলে এক শৈল্পিক বাগযুদ্ধ। 'শব্দ কথায় সাহস করে দাড়াই ঘুরে আজ'- এ শ্লোগানকে ধারণ করে আয়োজিত তিন দিনব্যাপী বিতর্ক প্রতিযোগিতা যেন পূর্ণতা পেয়েছিল যুক্তির মঞ্চে দেশসেরা তার্কিকদের শানিত মেধা ও মননের প্রতিফলনে।

## প্রথম এনডিএফ বিডি নারী বিতর্ক কর্মশালা ২০০৬

মহীয়সী নারী বেগম রোকেয়া সাখাওয়াত হোসেনের লালিত স্বপ্নের আরেকটি বাস্তব রূপরেখা হলো প্রথম এনডিএফ বিডি নারী বিতর্ক কর্মশালা ২০০৬। 'যুক্তি যেথায় সূর্য সত্য'- এ স্লোগানে এনডিএফ বিডির সার্বিক সহযোগিতায় ও তত্ত্বাবধানে এবং হোম ইকনমিক্স ডিবেটিং ক্লাবের আয়োজনে এ অনুষ্ঠানটি ছিল আমাদের পিছিয়ে পড়া নারীদের একই কাতারে আসার একটি সফল প্রয়াস। হোম ইকনমিক্সসহ দেশের বিভিন্ন মহিলা কলেজের সাত শতাধিক বিতর্কপ্রেমী অংশ নিয়েছিল এ কর্মশালায়।

## ইএমসিডিসি-এনডিএফ বিডি প্রথম নারী বিতর্ক উৎসব ২০০৭

ইডেন মহিলা কলেজ ডিবেটিং ক্লাবের



*এনডিএফ বিডি প্রথম নারী বিতর্ক কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ*

আয়োজনে, ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশের সার্বিক সহযোগিতা ও তত্ত্বাবধানে বিতর্ক উৎসবটি ছিল বিতর্ক চর্চাকে আরো এক ধাপ এগিয়ে নেয়ার দৃঢ় অঙ্গীকার। ঢাকাসহ দেশের বিভিন্ন কলেজ ও ইউনিভার্সিটির ছয় শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করেছিল এ বিতর্ক উৎসবটিতে।

## ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশের পথচলা শীর্ষক সেমিনার

বিতর্ক চর্চায় দীর্ঘদিন পথ চলার পরিপ্রেক্ষিতে এনডিএফ বিডির সফলতা ও সার্বিক কার্যক্রমের ওপর বিস্তর আলোচনার জন্য আয়োজন করা হয় এনডিএফ বিডি পথচলা শীর্ষক সেমিনার। আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির অডিটোরিয়ামে অনুষ্ঠিত এ সেমিনারে উপস্থিত ছিলেন ঢাকা ইউনিভার্সিটির উপ-উপাচার্য ড. ফ ম ইউসুফ হায়দার, এআইইউবির উপাচার্য ড. কারমেন জেড লামাগনা, ব্যাংক আল-ফালাহর কান্ট্রি হেড মাজেদুর রহমান, বিনিয়োগ বোর্ডের চেয়ারম্যান মাহমুদুর রহমান, ড্যাফোডিল গ্রুপের চেয়ারম্যান সবুর খান, বিএসবি গ্লোবাল নেটওয়ার্কের চেয়ারম্যান এম কে বাশার, বিশ্বাস গ্রুপের চেয়ারম্যান মইনউদ্দিন বিশ্বাস বাবু। তাদের বলিষ্ঠ কণ্ঠে আবারো উচ্চারিত হয়েছিল ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশের সব কার্যক্রম সময়ের শ্রেষ্ঠ আয়োজন।

## প্রদর্শনী বিতর্ক ও ইফতার পার্টি

বিতর্ক চর্চা যেসব কিছুর ঊর্ধ্বে তা আরেকবার প্রমাণিত হলো সিয়াম সাধনার পবিত্র রমজান মাসে প্রদর্শনী বিতর্ক ও ইফতার পার্টির মাধ্যমে। প্রদর্শনী এ বিতর্কে তিন শতাধিক তার্কিক অংশগ্রহণ করেছিল।

## জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটিতে ভালোবাসার বিতর্ক

শুধু প্রচলিত ধারার বিতর্ক চর্চাই নয়, ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশ সবসময়ই এ শিল্পটির বহুমাত্রিক বিকাশে অঙ্গীকারাবদ্ধ। তাই তো এনডিএফ বিডি বিভিন্ন সময়ে আয়োজন করে আসছে দিবস ভিত্তিক বিতর্ক আয়োজন। ২০০৬ সালের ১৪ ফেব্রুয়ারি ছিল এমনি একটি দিন। ভ্যালেনটাইনস ডে বা ১৪ ফেব্রুয়ারি এলেই প্রেমিকযুগল কিংবা ভালোবাসার মানুষরা নিজেদের নতুন করে খুঁজে ফেরে। এ দিনটি কেন্দ্র করে সব সময়ই ঢাকা ইউনিভার্সিটির টিএসসি কিংবা রাজু ভাস্কর্যের সামনে আয়োজন করা হয় রম্য বিতর্কের। এনডিএফ বিডি ভালোবাসার বিতর্কের আয়োজন করে অপার সৌন্দর্যের লীলাভূমি জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি ক্যাম্পাসের মুক্তমঞ্চে। দেশসেরা তার্কিকদের এবং সাত সহস্রাধিক বিতর্কপ্রেমিকের মিলন মেলায় এদিন মুখরিত হয়ে ওঠে জাবি ক্যাম্পাস।

অনুষ্ঠিত দুটি বিতর্কের বিষয় ছিল 'ভালোবাসা অধরা অনলাইনে' এবং 'প্রেমিকারাই প্রেমিকদের জীবন অতিষ্ঠ করে তুলছে'। তার্কিকদের হাস্যরস এবং কৌতুকপূর্ণ নানা যুক্তি, পাল্টা যুক্তিতে এবং দর্শক-শ্রোতাদের সহযোগিতায় ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশ আবারো প্রতিজ্ঞাবদ্ধ হয় বিতর্ক আন্দোলনকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার স্বপ্ন পূরণের আশায়।